বাংলাদেশ পাটকল করপোরেশন
আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা

বিষয়ঃ গবেষনা ও মাননিয়ন্ত্রণ (গমানি) বিভাগের কার্যক্রম সম্পর্কিত তথ্যাদি ।

গবেষনা বিভাগ

(ক) প্রচলিত/অপ্রচলিত পণ্যের স্পেসিফিকেশন ও মূল্য নির্ধারনঃ

- দেশী/বিদেশী ক্রেতার নিকট হতে প্রাপ্ত ও বিপণন বিভাগের মাধ্যমে প্রেরিত প্রচলিত/অপ্রচলিত পণ্যের স্পেসিফিকেশন ও মূল্য নির্ধারন করা ।
- ক্রেতার নিকট হতে প্রাপ্ত নমুনা প্রতি নমুনা প্রস্তুত ও সরবরাহ ।
- বানিজ্যিক ভিত্তিতে উৎপাদনের জন্য মিলকে কারিগরী সহায়তা প্রদান ।

(খ) গবেষনামূলক কর্মকান্ডে অংশগ্রহণঃ

- বিভিন্ন গবেষনা প্রতিষ্ঠান যেমন-বিজেআরআই, বিসিএসআইআর, বিএসটিআই, জেডিপিসি-তে বিভিন্ন গবেষনামূলক কর্মকান্ডে অংশগ্রহণ।
- গবেষনালব্ধ ফলাফল প্রয়োগে মিলসমূহকে কারিগরী সহায়তা প্রদান।

(গ) দেশে/বিদেশে বিভিন্ন সেমিনারে অংশগ্রহণঃ-

- বিজেআরআই, জেডিপিসি কর্তৃক আয়োজিত বিভিন্ন সভা-সেমিনারে অংশ গ্রহণ এবং অংশগ্রহনের জন্য বিভিন্ন গবেষনামূলক ব্রিফ, প্রতিবেদন, তথ্যাদি ও বিভিন্ন প্রকল্প প্রস্তাব তৈরী ও উপস্থাপন।।

(ঘ) অপ্রচলিত পাট পণ্যের প্রতিনমুনা প্রস্তুত ও মিলকে কারিগরী সহায়তা প্রদানঃ-

- দেশী/বিদেশী বিভিন্ন ক্রেতা ও বিপণন বিভাগ হতে প্রাপ্ত নমুনা যেমন-(কাপড়, ব্যাগ, নার্সারী শিট/পট, ব্লিচড ও কালাল ফেব্রিক, বিবিন্ন ধরনের ফেল্ট, জুট টেপ, রটপ্রুফ ও জুট জিও-টেক্সটাইল) স্পেসিফিকেশন ও উৎপাদন সম্ভাব্যতা যাচাইপূর্বক মিলকে কারিগরী সহায়তা প্রদান।
- বানিজ্যিক ভাবে পণ্য উৎপাদনের তদারকি করা।

(ঙ) গবেষনা বিভাগে প্রিন্টিং স্টুডিওতে নমুনার প্রতিনমুনা প্রস্তুতকরনঃ-

- ক্রেতা ও বিপণন বিভাগ হতে প্রাপ্ত নমুনা ব্যাগের প্রতি নমুনা প্রস্তুত করন।
- ক্রেতার গ্রহণযোগ্যতার ভিত্তিতে ডিডিএফ প্রকল্পে বানিজ্যিক ভিত্তিতে পণ্য উৎপাদনের প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান।
- দেশে/বিদেশে বিভিন্ন দুতাবাসে, বিভিন্ন মন্ত্রণালয়ে কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক বিভিন্ন ডিজাইনের লোগো সম্বলিত শপিং ব্যাগ ও পাটের কাপড়ের ক্যালেন্ডার প্রস্তুত ও সরবরাহ করা ।

(চ) বিভিন্ন আর্ন্তজাতিক বানিজ্যমেলায় প্রর্দশন/বিক্রয়ের নিমিত্তে প্রচলিত/অপ্রচলিত পণ্যের নমুনা প্রেরণ।

- অপ্রচলিত পণ্যের বাজার সম্প্রসারনের লক্ষে দেশে ও বিদেশে বিভিন্ন মেলায় অংশগ্রহনের জন্য নমুনা প্রস্তুত ও সরবরাহ ।
- ক্রেতা ও বিপণনের চাহিদা মোতাবেক বিভিন্ন ডিজাইন, লোগো ও প্রিন্ট সম্বলিত নমুনা প্রস্তুত ও সরবরাহ ।

(ছ) জুট জিও টেক্সটাইলের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে পণ্য উৎপাদন ও সরবরাহঃ-

- বিজেএমসি, জেডিপিসি, বুয়েট ও আইজেএসজির তত্তাবধানে বিভিন্ন প্রকল্পে জুট জিও-টেক্সটাইল ব্যবহারের জন্য চাহিদা মোতাবেক পণ্য উৎপাদন ও সরবরাহ করা ।
- বিজেএমসি ও জেডিপিসি'র মধ্যে সমঝোতা স্বারক মোতাবেক জিও-টেক্সটাইলের সরবরাহ নিশ্চিত করা।

(জ) ভেজিট্যাবল বেইজড পামওয়েল দ্বারা আইজেও ষ্ট্যান্ডার্ড ৯৮/০১ অনুযায়ী-পণ্য উৎপাদন ও সরবরাহ করাঃ

- জেবি ওয়েল এর পরিবর্তে ক্রেতার চাহিদা মোতাবেক ভেজিট্যাবল বেইজড পামওয়েল দ্বারা ফুডগ্রেড জুট ব্যাগ উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করা ।
- ফুডগ্রেড পণ্যে আনসেপোনিফায়েবল মেটার এর সর্বোচ্চ মাত্রা ১২৫০ পিপিএম এর মধ্যে রেখে পণ্য উৎপাদনের নিশ্চয়তা প্রদান করা ।
- উৎপাদিত পণ্য বিজিএমসি ও বিসিএসআইআর এর মধ্যে সমঝোতা স্বারক অনুযায়ী পরীক্ষা নিরীক্ষার মাধ্যমে পিপিএম এর মাত্রা নির্ধারন ও এর ফলাফল মিলকে সরবরাহ করা।
- অসংগতি ফলাফলের জন্য মিলকে কারিগরী সহায়তা ও সংশোধন প্রদান করা।
- ক্রেতার চাহিদা মোতাবেক সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা করা।
- ক্রেতার চাহিদা মোতাবেক পণ্যের প্রিন্টিং এর মাধ্যমে কন্ট্রামিণেশন এর রহিতকরার জন্য মিলকে কারিগরী সহায়তা প্রদান।
- স্ট্যান্ডার্ড অনুযায়ী ভট পণ্যের উৎপাদন তদারকি ও মিলকে কারিগরী পরামর্শ প্রদান।
- ফুডগ্রেড পণ্যের বাজার সম্প্রসারনের লক্ষ্যে ক্রেতার চাহিদা অনুযায়ী মিল হতে নমুনা ব্যাগ সংগ্রহ ও সরবরাহ নিশ্চিত করা ।

D/ My doc/ Activites of RQC H.Office

(ঝ) পাটের কাপড় দ্বারা কনজিউমার ও হাউজহোল্ড আইটেমস্ উদ্ভাবন ও উৎপাদনঃ

- অপ্রচলিত পাট পণ্যের নতুনতর পণ্যে সংগ্রহ ও লোগো ও ডিজাইন ডেভেলপ করে পণ্য উৎপাদন করা ।
- পলিথিন, পলিপ্রোপাইলিন, সিনথেটিক ও কৃত্রিম তন্তুজাত শপিং ব্যাগের বিকল্প সংগ্রহ ও পাট এর কাপড় দ্বারা মডেল প্রস্তুত ও উৎপাদন করা ।
- ক্রেতার চাহিদার প্রেক্ষিতে বানিজ্যিক ভিত্তিতে ডিডিএফ প্রকল্প ও লতিফ বাওয়ানী জুট মিল হতে পণ্য উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করা ।

(ঞ) ম্যান্ডেটরি প্যাকিং এ্যাক্ট অনুযায়ী পলিপ্রোপাইলিন ও সিণথেটিক এর বিকল্প পাটের কাপড় দ্বারা ব্যাগ প্রস্তুত ও সরবরাহ করাঃ-

- হালকা ওজনের পলিপ্রোপাইলিন ও সিনথেটিক এর বিকল্প, লেমিনেটেড ব্যাগ প্রস্তুত ও সরবরাহ করা ।

(ট) মাননীয় প্রধান মন্ত্রীর নির্দেশনা মোতাবেক অপ্রচলিত পাট পণ্যের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রকল্প গ্রহণ:

- পাট হতে Viscose তৈরীর প্রকল্প প্রস্তাব প্রস্তুত ও বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রকল্পটি জামালপুর জেলায় স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- পাট ভিত্তিক উন্নতমানের গার্মেন্টস প্রস্তুত করনের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব প্রস্তুত ও প্রেরণ।
- ডাইভার্সিফাইড পাট পণ্যে উৎপাদনের নিমিত্ত সম্পূর্ণ নুতন ও স্বয়ংক্রিয় প্রকল্প প্রস্তাব করিম জুট মিলস্ লিঃ ডেমরা, ঢাকায় প্রস্তুত ও প্রেরণ।

মান নিয়ন্ত্রণ বিভাগ

(ক) পাট পণ্যের গুনগত মান নিশ্চিতকরন ।

- নিয়মিত মিল পরিদর্শন।
- উৎপাদনের প্রতিটি স্তরে তদারকিকরণ।
- পণ্যের ত্রুটি-বিচ্যুতি শনাক্ত করণ।
- মিলের মাননিয়ন্ত্রণ বিভাগরে কর্মকান্ড বিশ্লেষন, সমন্বয় সাধন ও পরামর্শ প্রদান ।

(খ) টেষ্টিং ল্যাবরেটরিতে পণ্যের পরীক্ষা ও বিশ্লেষন ।

- পণ্যের স্পেসিফিকেশন নির্ণয় ।
- পণ্যের উজ্জলতা, শক্তি ও সুতার শক্তি, টিপিআই, কাউন্ট ইত্যাদি নির্ণয়।

(গ) পণ্যের আর্দ্রতা পরীক্ষা ।

- পাট মৌসুমে কাঁচা পাটের আর্দ্রতা নিরুপন।
- উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন স্তরে পণ্যের আর্দ্রতা পরীক্ষাকরণ।
- সমাপনী পণ্যের আর্দ্রতা নির্ণয়।

(ঘ) মান নিয়ন্ত্রণ কার্যক্রম পর্যালোচনা ।

- পাটের আর্দ্রতা প্রতিবেদন পর্যালোচনা।
- মিল সমূহের মাসিক মান নিয়ন্ত্রণ প্রতিবেদন পর্যালোচনা।
- প্রি-শিপমেন্ট সার্ভে প্রতিবেদন পর্যবেক্ষন ও পর্যালোচনা।

(ঙ) নমুনা পণ্যের পরীক্ষা/নিরীক্ষা ও পর্যবেক্ষন।

- বিদেশী ক্রেতার নিকট হতে প্রাপ্ত নমুনা পণ্য পরীক্ষা/নিরীক্ষা পূর্বক স্পেসিফিকেশন নির্ণয় করা, মতামত ও পরামর্শ প্রদান ।
- স্থানীয় ক্রেতা যেমন, খাদ্য অধিদপ্তর, চিনি ও খাদ্য শিল্প করপোরেশন, বাংলাদেশ কৃষি করপোরেশন এর নিকট হতে প্রাপ্ত নমুনা পণ্যের স্পেসিফিকেশন ও প্রতি নমুনা প্রস্তুত করন ও অনুমোদন গ্রহণ।
- মিল সমূহ হতে উৎপাদিত পণ্যের সংগ্রহকৃত নমুনা পরীক্ষা/নিরীক্ষা করে মতামত ও পরামর্শ প্রদান করন।

(চ) মিল পরিদর্শন ঃ

- মিল সমূহে ক্রেতার চাহিদা অনুযায়ী সঠিক মানের পণ্য তৈরী নিশ্চিত করার লক্ষ্যে মিল পরিদর্শন করা ।
- উৎপাদন প্রক্রিয়ার বিভিন্ন স্তরে যেমনঃ-পাট বিভাগ, ব্যাচিং, প্রিপারিং, স্পিনিং, তাঁত ও সমাপনী পণ্যের গুনগতমান পরীক্ষা/নিরীক্ষা করা।

(ছ) পাটক্রয় কেন্দ্র পরিদর্শনঃ

- কর্তৃপক্ষ কর্তৃক গঠিত টাস্কফোর্স/কমিটির সদস্য হিসেবে পাটক্রয় কেন্দ্রসমূহ পরিদর্শন।
- পাটক্রয় কেন্দ্রে খরিদকৃত পাটের যাচাইমান পরীক্ষা।
- পাটক্রয় কেন্দ্রে খরিদকৃত পাটের আর্দ্রতা নিরুপন পরীক্ষা।
- বিভিন্ন ক্রয় কেন্দ্র ও মোকাম পরিদর্শনপূর্বক প্রতিবেদন উপস্থাপন।

(জ) পণ্যের সার্ভে করনঃ-

- দেশী/বিদেশী ক্রেতার চুক্তি মোতাবেক মিল সমূহে উৎপাদিত পাট পণ্য প্রি-ডেলিভারী এবং প্রি-শিপমেন্ট সার্ভে করা।
- কোয়ালিটি সার্টিফিকেট প্রদান করা ।

(ঝ) মিলসমূহের অডলট/ড্যামেজ পণ্যের কার্যক্রম গ্রহণ ঃ

- মিল সমূহে মজুদকৃত অডলট/ড্যামেজ পণ্য/জুট ক্যাডিস স্থানীয় বাজারে বিক্রয়ের নিমিত্তে কমিটি গঠন।

(ঞ) ক্রেতার নিকট হতে প্রাপ্ত অভিযোগ/দাবী তদন্তপূর্বক কার্যক্রম গ্রহণ।

- বিক্রিত পণ্যের ক্রেতাকৃত উত্থাপিত অভিযোগ তদন্ত ও পরবর্তী কার্যক্রম গ্রহণ।
- কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন বিভাগীয় তদন্ত কমিটিতে কাজ করা ।

(ট) বিএসটিআই-এ পণ্যের আদর্শ মান নির্ধারন কমিটিতে প্রতিনিধিত্ব করনঃ-

- বিএসটিআই কর্তৃক বিভিন্ন পাটপণ্যে আদর্শ মান নির্ধারনের লক্ষ্যে গঠিত কমিটিতে প্রতিনিধিত্বকরন।
- পাট অধিদপ্তর হতে গঠিত কমিটির সহিত মিল পরিদর্শন ও প্রতিবেদন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ ও মিলকে অবহিত করন।

(ঠ) সভা সেমিনারে অংশ গ্রহণঃ-

- দেশী/বিদেশী বিভিন্ন সভা সেমিনার এ অংশগ্রহন । যেমন-বিএসটিআই, জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বিজেআরআই ইত্যাদি।

(ড) প্রশিক্ষন ঃ-

- প্রধান কার্যালয় এবং খুলনা ও চট্টগ্রাম এ অবস্থিত বিজেএমসির প্রশিক্ষন কেন্দ্রে প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষনে অংশগ্রহন করা ।

D/ My doc/ Activites of RQC H.Office